

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৪২.১৮-৫৪

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৬ ব.
২৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

বিষয়: নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ এর ২০১২-২০১৬ অর্থ বছরের অগ্রিম অনুচ্ছেদ নং-২ এর বিএসআর (প্রমাণকসহ) পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.০০.০০০০.০২২.০১.০০৫.১৭-১২, তারিখ: ০৯/০২/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের ২০১২-২০১৬ অর্থিক সনের অডিটে পরিলক্ষিত অগ্রিম অনুচ্ছেদ নং-০২ (জড়িত টাকার পরিমাণ-১১,৫৭,৭৩০/-) এর ব্রডশীট জবাব ডিজি, ডিটিই এর মতামতসহ টিএমইডিতে পাওয়া গেছে।

০২. প্রাপ্ত ব্রডশীট জবাবের সংশ্লিষ্ট অডিট আপত্তির অনুচ্ছেদ-২ এর বিপরীতে নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ এবং ডিজি, ডিটিই এর মতামতের সাথে গত ১২.১১.২০১৯ খ্রি. তারিখের স্মারক নং-৩২২০/এলএএস-২/নিপ্র:/২০১২-২০১৬/২০২০ মূলে আলোচ্য অডিট আপত্তি বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মতামত পর্যালোচনা করা হয়েছে।

০৩. উক্ত আপত্তি বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মতামত নিম্নরূপ:

“আয়কর অধ্যাদেশ ৮৪ এর ৫২ AA ধারা মোতাবেক ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থ বছরের জন্য সম্মানীর উপর আয়কর প্রযোজ্য নয়। তবে ২০১৫-২০১৬ অর্থ বছরের ৫২ AA ধারায় মিটিং ফিস, ট্রেনিং ফিস এবং সম্মানীর উপর ১০% আয়কর কর্তনের কথা উল্লেখ আছে ফলে ২০১৫-২০১৬ অর্থ বছরের জুলাই/১৫ হতে জুন/১৬ পর্যন্ত সময়ে সম্মানী/পারিশ্রমিক বাবদ কত টাকা পরিশোধ করা হয়েছে তার বিস্তারিত বিবরণসহ পুন:জবাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪. অর্থাৎ জুলাই/১৫ হতে জুন/১৬ পর্যন্ত নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটে মিটিং ফিস, ট্রেনিং ফিস এবং সম্মানী প্রদান করা হয়েছে কিনা এ বিষয়ে তথ্য এবং বিবরণসহ বিএসআর পাঠানোর জন্য অনুরোধ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের উক্ত মতামত গত ২৫.১১.১৯ খ্রি. তারিখের স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৪২.১৮ মূলে Endorse ক্রমে অধ্যক্ষ, নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট এবং ডিজি, ডিটিই-কে প্রেরণ করা হয়েছে।

০৫. এখানে উল্লেখ্য যে, ডিটিই হতে প্রাপ্ত বিএসআর (নওগাঁ পলিটেকনিক বিষয়ক আপত্তির) পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, LAD এর উক্ত মতামত বিবেচনায় নিয়ে তথ্য জুলাই/১৫ হতে জুন/১৬ পর্যন্ত সময়ে সম্মানী/পারিশ্রমিক বাবদ কোন অর্থ পরিশোধ করা হয়েছে কিনা এবং হয়ে থাকলে এ তথ্য বিবরণসহ জবাব এবং না হয়ে থাকলে না হওয়া সংক্রান্ত তথ্যসহ বিএসআর প্রেরণ আবশ্যিক ছিল, কিন্তু প্রাপ্ত ব্রডশীট জবাবে উক্ত বিষয়ে কোন তথ্য সন্নিবেশ ব্যতীতই বিএসআর টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।

০৬. এক্ষণে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট আপত্তির ০২ নং অগ্রিম অনুচ্ছেদের বিষয়ে প্রদত্ত মতামতের আলোকে বিএসআর তৈরীক্রেমে টিএমইডিতে প্রেরণ সোসাথে ভবিষ্যতে বিএসআর প্রেরণের সময় আরো যাচাই-বাছাইক্রমে বিএসআর প্রেরণের জন্য ডিজি, ডিটিইকে নির্দেশনা প্রদান আবশ্যিক।

০৭. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনার আলোকে পুনরায় বিএসআর (প্রমাণকসহ) আগামী ১০.০৩.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৪২.১৮-৫৪

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৬ ব.
২৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

অনুলিপি সেদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. অধ্যক্ষ, নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ।

০৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।

২৪.০২.২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব (অডিট)